

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ১০ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

## **জাতীয় রাজস্ব বোর্ড এবার Online VAT Refund Module চালু করলো**

জাতীয় রাজস্ব বোর্ড অনলাইনে ভ্যাট রিফান্ড আবেদন গ্রহণ, প্রক্রিয়াকরণ এবং সরাসরি করদাতার ব্যাংক হিসাবে অনলাইনে VAT Refund স্থানান্তরের লক্ষ্যে Online VAT Refund Module চালু করেছে।

Online VAT Refund Module চালুর মাধ্যমে বিদ্যমান ভ্যাট ব্যবস্থাপনার Integrated VAT Administration System (iVAS) এর সাথে অর্থ বিভাগের iBAS++ এর অন্তঃসংযোগ স্থাপন পূর্বক করদাতার প্রাপ্য ভ্যাট রিফান্ডের অর্থ BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network) এর মাধ্যমে সরাসরি করদাতাগণের নির্ধারিত ব্যাংক একাউন্টে স্থানান্তর করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

Online VAT Refund Module এ একজন করদাতা অনলাইনে মূসক রিটার্নের মাধ্যমে তাঁর প্রাপ্য ভ্যাট রিফান্ডের আবেদন দাখিল করতে পারবেন। সংশ্লিষ্ট মূসক কমিশনারেট অনলাইনে প্রাপ্ত আবেদনটি ভ্যাট আইনের বিধি-বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ করে যাচাই-বাছাই করত: ভ্যাট রিফান্ড অনুমোদন করে তা স্বয়ংক্রিয়ভাবে iBAS++ এর মাধ্যমে BEFTN ব্যবহার করে সরাসরি করদাতার ব্যাংক হিসাবে স্থানান্তর করবে। নতুন প্রবর্তিত এ পদ্ধতিতে করদাতাগণকে ভ্যাট রিফান্ডের আবেদন দাখিল অথবা ভ্যাট রিফান্ডের চেক গ্রহণ করার জন্য ভ্যাট অফিসে যেতে হবে না বিধায় করদাতার সময় ও অর্থ সাশ্রয় হবে এবং রিফান্ড প্রদান প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হবে।

নতুন প্রবর্তিত Online VAT Refund Module এর মাধ্যমে রিফান্ড আবেদনসমূহ প্রক্রিয়াকরণের লক্ষ্যে iVAS এ ইতোপূর্বে অনলাইনে বা ম্যানুয়াল পদ্ধতিতে হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত সকল অনিষ্পন্ন রিফান্ড আবেদনের অর্থসহ সমুদয় রিফান্ড প্রাপ্তির লক্ষ্যে করদাতাগণকে iVAS সিস্টেমের মাধ্যমে অনলাইনে মূসক-৯.১ ফর্মের মাধ্যমে নতুন করে আবেদন দাখিল করতে হবে।

Online VAT Refund Module টি যথাযথভাবে ব্যবহার করে করদাতাগণকে দক্ষতার সাথে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ইতোমধ্যে সকল ভ্যাট কমিশনারেটের কর্মকর্তা-কর্মচারিগণের জন্য প্রশিক্ষণের আয়োজন করেছে। করদাতাগণ সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে যোগাযোগ করে অনলাইনে ভ্যাট রিফান্ড প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় তথ্য এবং সহযোগিতা গ্রহণ করতে পারবেন।

ভ্যাট রিফান্ডের অর্থ সরাসরি করদাতার ব্যাংক হিসাবে স্থানান্তরের জন্য Online VAT Refund Module চালুর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের চলমান ডিজিটাইজেশন কার্যক্রম আরেক ধাপ এগিয়ে গেল। স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সকল কার্যক্রম ধীরে ধীরে সম্পূর্ণ অটোমেশনের আওতায় আনার প্রচেষ্টা অব্যাহত থাকবে।

-জাতীয় রাজস্ব বোর্ড